97

দৈনিক জনকণ্ঠ

তারিখ 23 APR 1998
পৃষ্ঠা ১ কলাম ৪

# এসএসসি'র প্রশ্নপত্র ফাঁসের সাথে জড়িতদের শনাক্ত ও দণ্ড প্রদানের লক্ষ্যে ৫ লাখ টাকা পুরস্কার ঘোষণা

**স্টাফ রিপোর্টার ।** এসএসসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের সাথে জড়িত দুষ্কৃতকারীদের শনাক্ত ও দণ্ড প্রদানের লক্ষ্যে সরকার বুধবার পাঁচ লাখ টাকা পুরস্কার ঘোষণা করেছে। যে কেউ সর্বপ্রথম প্রশ্নপত্র ফাঁস সম্পর্কে সঠিক, সুনির্দিষ্ট ও বস্তুনিষ্ঠ খবর দিয়ে পুরস্কারের এ অর্থ পেতে পারেন।

এদিকে চট্টগ্রামসহ দেশের সর্বত্র প্রশাসন সক্রিয় হওয়ায় প্রশ্নপত্র ফাঁস ও বিতরণের সাথে জড়িতরা চুপসে গেছে। বুধবার ঢাকা বা চট্টগ্রামের কোথাও বাকি পরীক্ষাগুলোর প্রশ্নপত্র ফাঁসের কথা শোনা যায়নি। এর ফলে প্রশ্নপত্র ফাঁস হওয়ায় সৃষ্ট উদ্বেগ-উৎকণ্ঠা কিছুটা কমেছে।

সরকারের এক তথ্যবিবরণীতে বলা হয়েছে যে, এসএসসি পরীক্ষার পূর্বঘোষিত সময়সূচী অপরিরর্তিত থাকবে। গণিত পরীক্ষা পূর্ব নির্ধারিত তারিখ ও সময়সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে। এছাড়া অন্যান্য পরীক্ষার তারিখ ও সময়ের কোন পরিবর্তন হয়নি।

এদিকে বুধবার সরকার প্রশ্নপত্র ফাঁসকারী দুষ্কৃতকারীদের শনাক্ত করার জন্য পাঁচ লাখ টাকা পুরস্কার ঘোষণা সংক্রান্ত এক তথ্যবিবরণীতে বলেছে, স্থানীয় পুলিশ বা ঢাকা শিক্ষা বোর্ডকে গোপনে তথ্য দিতে হবে। এই তথ্য যথাযথ হতে হবে, যাতে দায়ী ব্যক্তিকে শাস্তি প্রদান করা সম্ভব হয়। তথ্য প্রদানকারীর পরিচয় গোপন রাখা হবে। সরকারী ও বেসরকারী কর্মচারীসহ সকলের জন্য এ পুরস্কার প্রযোজ্য হবে। উক্ত তথ্যবিরণীতে সরকার পবিত্র পরীক্ষা নিয়ে দুঃখজনক ঘটনায় পরীক্ষার্থী ও অভিভাবকদের প্রতি উদ্বেগ ও গভীর সমবেদনা প্রকাশ করেছে। এতে বলা হয়, দুষ্কৃতকারীদের ধরার জন্য সরকারের সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

(১১ পৃষ্ঠা ৫-এর কঃ দেখুন)

## এসএসসির প্রশ্নপত্র (প্রথম পাতার পর)

কুমিল্লা থেকে নিজস্ব সংবাদদাতা জানান, কুমিল্লা বোর্ডের চেয়ারম্যান ডঃ আজিজুর রহমান বুধবার জেলার বিভিন্ন কেন্দ্র পরিদর্শন করেন। কোটবাড়ী সরকারী ল্যাবরেটরী স্কুল কেন্দ্র পরিদর্শন করে তিনি অসন্তোষ প্রকাশ করেন ও, বিপুল নকল উদ্ধার করেন। অসদুপায় অবলম্বনের দায়ে বুধবার কুমিল্লা জেলায় ২০ পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।